



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
(ইস্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার নং- ০৬/২০১৯

তারিখ: ২৫ ভাদ্র, ১৪২৬  
০৯ সেপ্টেম্বর, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক


প্রিয় মহোদয়,

**নতুন ও পুনঃপ্রচলনযোগ্য ব্যাংক/কারেন্সী নোটের উপর লেখা, সীল প্রদান  
এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং করা প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাজারে প্রচলিত বাংলাদেশী ব্যাংক/কারেন্সী নোটসমূহের উপর সংখ্যা লিখন, সীল, স্বাক্ষর প্রদান ও বারবার স্ট্যাপলিং করার কারণে নোটসমূহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হয়ে যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের অনুসন্ধানে দেখা যায় যে, টাকার উপর লাল, নীল, কালোসহ বিভিন্ন কালিতে সংখ্যা লিখনের মাত্রা বৃদ্ধি পাচ্ছে এবং এ লেখালিখিতে ব্যাংকারগণের ভূমিকাই মুখ্য। এছাড়া সকল মূল্যমানের পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেটকরণে সীল প্রদানের বিষয়টি বর্তমানে ব্যাংকিং প্র্যাকটিসে পরিণত হয়েছে। এর ফলে খুব স্বল্প সময়ের মধ্যে নোটসমূহ ময়লা ও অচল হয়ে যাচ্ছে এবং ডিসিএম পরিপত্র নং- ০২/২০১৬ এর যথাযথ পরিপালন না হওয়ায় স্ট্যাপলিং এর কারণে নোটের স্থায়িত্ব কমে যাচ্ছে যা বাংলাদেশ ব্যাংকের গৃহীত ক্লিন নোট পলিসি ও নোট ব্যবস্থাপনা কৌশলের সাথে সংগতিপূর্ণ নয়।

০২। বাংলাদেশ ব্যাংকের কৌশলগত পরিকল্পনার ঘোষণা মোতাবেক “Clean note circulation policy” বাস্তবায়নের উদ্দেশ্যে এবং নোটের ব্যবহারিক সময়কাল বৃদ্ধির লক্ষ্যে আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে:

- ০২.০১. তফসিলি ব্যাংক কর্তৃক নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট গ্রহণ, প্রদান এবং গণনা করতঃ সর্টিং ও প্যাকেটিং করার সময় নোটের উপর কোন প্রকার সংখ্যা লিখন, অনুস্বাক্ষর প্রদান, সীল প্রদান কিংবা অন্য যে কোন ধরনের লেখালিখি করা যাবে না। ডিসিএম সার্কুলার নং-০১/২০১৫ এর ১.(iii) পরিপালন নিশ্চিতকরণে নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেটকরণের সময় ব্যাংকের মুদ্রিত ফ্লাইলীফে ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারী ও প্রতিনিধিগণের স্বাক্ষর ও তারিখ আবশ্যিকভাবে প্রদান করতে হবে।
- ০২.০২. তফসিলি ব্যাংক কর্তৃক ১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত যে কোন মূল্যমানের নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোটের প্যাকেট স্ট্যাপলিং করা যাবে না। মূল্যমান নির্বিশেষে (১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত) সকল নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেট ২৫ মি. মি. হতে ৩০ মি. মি. প্রশস্ত পলিমার টেপ অথবা পলিমারযুক্ত পুরূ কাগজের টেপ (Polymar Coated Paper Tape) দ্বারা ব্যান্ডিং করতে হবে। তফসিলি ব্যাংকসমূহ তাদের নোটের নিরাপত্তার স্বার্থে বিশ্বের অন্যান্য দেশে ব্যাংক নোট ব্যান্ডিং এ ব্যবহৃত আরও উন্নত প্রযুক্তির অনুসরণ করতে পারে। তবে তা যেন বর্ণিত ব্যান্ডিং এর চেয়ে কার্যকর হয় তা নিশ্চিত করতে হবে। ১০০০ টাকা মূল্যমানের নোটের বিষয়ে ডিসিএম সার্কুলার নং-০২/২০১৬ এ প্রদত্ত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,  
  
(মোঃ সুলতান মাসুদ আহমেদ)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০০৯০